সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৭-২০১৮ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের সার-সংক্ষেপ:

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পের সংখ্যা	জেডিসিএফভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
১।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	০১	০১	০০	০০	০১	-	৩৬ মাস (১৫০%)	০১	৭৬৩.০৮৬ (৩২.১৪%)

১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ০১টি**

২। **সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকাল**

ক্র: নং	প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়)	প্রকৃত বাস্তবায়নকাল
১.	হালুয়াঘাট, দিনাজপুর এবং নওগাঁ ক্ষুদ্র নৃ -গোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি নির্মাণ (সংশোধিত)	৩১৩৬.৯৯৬	০১ জুলাই ২০১৩ হতে জুন ২০১৮

৩। **সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ**

প্রকল্পের নাম	ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ
হালুয়াঘাট, দিনাজপুর এবং নওগাঁ ক্ষুদ্র নৃ -গোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি নির্মাণ (সংশোধিত)	নির্মাণ কাজে ব্যয় বৃদ্ধি , সাব স্টেশন ও জেনারেটরের ক্যাপাসিটির পরিবর্তন, নতুন আইটেম অন্তর্ভুক্তি ইত্যাদি কারণে প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধি করা হয়।

সংযুক্তি-১

৪। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ

ক্র:নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
১.	• প্রকল্পের নওগাঁ সাইট সরেজমিনে পরিদর্শন এবং হালুয়াঘাট ও দিনাজপুর সাইট বিষয়ে সংশ্লিষ্ট জেলা শিল্পকলা একাডেমির কালচারাল কর্মকর্তাদের সাথে আলোচনা এবং পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, বর্ণিত তিনটি সাইটে ক্ষুদ্র নৃ -গোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি নির্মাণ করা হয়েছে। এর ফলে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতি চর্চার অনুশীলন ও প্রদর্শনসহ সার্বিকভাবে দেশীয় সংস্কৃতির সংরক্ষণ, উন্নয়ন ও প্রসারের সুযোগ সৃষ্টি হয়েছে। তবে, একাডেমিসমূহে প্রশিক্ষক সহ প্রয়োজনীয় জনবল নিয়োগ না দেওয়ায় একাডেমিসমূহের কার্যক্রম অদ্যাবধি শুরু করা সম্ভব হয়নি।	• আলোচ্য প্রকল্পের আওতায় হালুয়াঘাট , দিনাজপুর এবং নওগাঁ জেলায় নির্মিত ক্ষুদ্র নৃ -গোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি অবকাঠামো ও সুবিধাদির বর্তমান অবস্থা পরীক্ষা /যাচাই করে ত্রুটি-বিচ্যুতির মেরামত/রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
	• একাডেমিতে প্রশিক্ষণ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠির সংস্কৃতি চর্চার অনুশীলনের জন্য কোন কোর্স কারিকুলাম, মডিউল প্রস্তুত করা হয়নি।	• হালুয়াঘাট, দিনাজপুর ও নওগাঁয় ক্ষুদ্র নৃ -গোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমির কার্যক্রম শুরুর লক্ষ্যে সত্বর প্রয়োজনীয় জনবল নিয়োগ প্রদান করতে হবে;
	• প্রকল্পের একবার সংশোধন এবং দুইবার বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। এর ফলে সংশোধিত প্রকল্প ব্যয় মূল প্রকল্প ব্যয় অপেক্ষা ৭৭৩.৮৫ লক্ষ টাকা বৃদ্ধি (৩২.৫৯% বৃদ্ধি) এবং বাস্তবায়ন মেয়াদ ০৩ বছর বৃদ্ধি (১৫০%) পায়। সংশোধিত প্রকল্প ব্যয়ের ৯৯.৬৫% অর্থ ব্যয় হয়েছে। উক্ত ব্যয় প্রকল্পের মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা ৩২.১৪% বেশী হয়েছে।	• একাডেমিগুলোতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠির প্রশিক্ষণ ও সংস্কৃতি চর্চার অনুশীলনের জন্য কোর্স কারিকুলাম, মডিউল প্রস্তুত করতে হবে;
	• তিনটি একাডেমির অবকাঠামোসমূহ ব্যবহার না করার ফলে এগুলো জরাজীর্ণ হওয়ার উপক্রম হয়েছে। জেনারেটর ও সোলার প্যানেল বর্তমানে অচল। ছাদে পানি জমে ভবন ক্ষতিগ্রস্ত হচ্ছে। বাজেট না থাকায় বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে।	• একাডেমিগুলোতে বিদ্যুৎ বিল বকেয়া থাকা/বিদ্যুৎ সংযোগ না দেওয়ার বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে সুরাহার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
	• পিসিআর এর ০৮ নং অনুচ্ছেদে প্রকল্পের প্রকিওরমেন্ট তথ্য এবং ০৫ নং অনুচ্ছেদে প্রকল্পের অংগওয়ারি প্রকৃত বাস্তব সংক্রান্ত তথ্য প্রদান করা হয়নি।	• পিসিআর ০৮ নং অনুচ্ছেদে প্রকল্পের প্রকিওরমেন্ট তথ্য এবং ০৫ নং অনুচ্ছেদে প্রকল্পের অংগওয়ারি প্রকৃত বাস্তব সংক্রান্ত তথ্য সন্নিবেশিত করতে হবে;
	• প্রকল্পের ২০১৩-১৪ হতে ২০১৫-১৬ অর্থ বছরের অডিট সম্পাদিত হয়েছে। কোন আপত্তি নেই মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। ২০১৬-১৭ হতে ২০১৭-১৮ অর্থ বছরের অডিট সম্পর্কে কোন তথ্য পিসিআ র এ নেই। ২০১৩-১৪ অর্থবছর হতে ২০১৫-১৬ অর্থবছর পর্যন্ত অডিটের প্রমাণক এবং ২০১৬-১৭ হতে ২০১৭-১৮ অর্থ বছরের অডিটের তথ্য আইএমইডিতে প্রেরণের অনুরোধ জানিয়ে আইএমইডি -এর ২৮ অক্টোবর ২০২১ তারিখের নং -২১.০০.০০০০.৪৮৬.১৪.০৩৫.১৭-৩২০ পত্রে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে। কিন্তু অদ্যাবধি এ বিষয়ে আইএমইডিতে তথ্য প্রেরণ করা হয়নি।	• প্রকল্পের ২০১৩-১৪ অর্থবছর হতে ২০১৫-১৬ অর্থবছর পর্যন্ত অডিটের প্রমাণক এবং ২০১৬-১৭ হতে ২০১৭-১৮ অর্থ বছরের সিভিল অডিটের তথ্য/ফলাফল আইএমইডিতে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

হালুয়াঘাট, দিনাজপুর এবং নওগাঁ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি নির্মাণ (সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন,২০১৮)

(ক) প্রকল্পের মৌলিক তথ্য

০১.	প্রকল্পের নাম	হালুয়াঘাট, দিনাজপুর এবং নওগাঁ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি নির্মাণ (সংশোধিত)
০২.	প্রকল্পের ধরণ	বিনিয়োগ প্রকল্প
০৩.	অর্থায়নের উৎস	বাংলাদেশ সরকার
০৪.	উদ্যোগী মন্ত্রণালয়	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
০৫.	বাস্তবায়নকারী সংস্থা	বাংলাদেশ শিল্পকলা একাডেমি

০৬. প্রকল্পের অনুমোদিত ব্যয় ও বাস্তবায়নকাল:

(লক্ষ টাকায়)

ব্যয়		প্রকৃত ব্যয়	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সংশোধিত		মূল	সর্বশেষ			
২৩৭৩.৯১	৩১৪৭.৭৬	৩১৩৬.৯৯৬	০১ জুলাই ২০১৩ হতে জুন ২০১৫	০১ জুলাই ২০১৩ হতে জুন	০১ জুলাই ২০১৩ হতে জুন	৭৬৩.০৮৬ (৩২.১৪%)	৩৬ মাস (১৫০%)

০৭. প্রকল্প এলাকা:

বিভাগ	জেলা	উপজেলা
ময়মনসিংহ	ময়মনসিংহ	হালুয়াঘাট
রাজশাহী	নওগাঁ	পত্নীতলা
রংপুর	দিনাজপুর	সদর

০৮. প্রকল্পের উদ্দেশ্য:

(ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠির অধিকার সংরক্ষণ এবং সর্বোচ্চ সহযোগিতা প্রদান;
(খ) দেশীয় সংস্কৃতির সংরক্ষণ, উন্নয়ন ও প্রসার ঘটানো;এবং
(গ) প্রশিক্ষণ, সেমিনার, আলোচনা সভার পাশাপাশি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতি চর্চার অনুশীলন, প্রদর্শনের জন্য হালুয়াঘাট, দিনাজপুর এবং নওগাঁর প্রতিটি সাইটে ০৩ তলা বিশিষ্ট একাডেমি ভবন ও ৩৫০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম ও আনুষংগিক অবকাঠামো নির্মাণ।

০৯. প্রকল্পের অনুমোদন ও সংশোধন:

মূল প্রকল্প ২৩৭৩.৯১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই ২০১৩ হতে জুন ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য ০৪ ফেব্রুয়ারি ২০১৪ তারিখ মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদে ১ম দফায় জুন ২০১৬ পর্যন্ত বর্ধিত করা হয়। নির্মাণ কাজে ব্যয় বৃদ্ধি, সাব স্টেশন ও জেনারেটরের ক্যাপাসিটির পরিবর্তন, নতুন আইটেম অন্তর্ভুক্তি ইত্যাদি কারণে প্রকল্প সংশোধন করা হয়। সংশোধিত প্রকল্প ব্যয় ৩১৪৭.৭৬ লক্ষ টাকা এবং মেয়াদ জুলাই ২০১৩ হতে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত। মাননীয় পরিকল্পনা কর্তৃক ১৫ মার্চ ২০১৭ তারিখ সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়। ২য় দফায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন ২০১৮ পর্যন্ত বর্ধিত করা হয়।

১০. প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি:

বাংলাদেশে আবহমান কাল থেকে বাঙ্গালীদের পাশাপাশি বহু ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বসবাস করে আসছে। বাঙ্গালী ছাড়াও দেশে প্রায় ৪৫টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী (আদিবাসী) বসবাস করে এবং এদের সংখ্যা প্রায় ২৫ লক্ষাধিক। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মধ্যে বাংলাদেশের উত্তর-পূর্ব সমতল ভূমিতে অর্থাৎ গাজীপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, শেরপুর, জামালপুর ময়মনসিংহ, রাজশাহী, দিনাজপুর, সিলেট, মৌলভীবাজার জেলার ৪০টির বেশী উপজেলায় ১১টির বেশী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায় বসবাস করে। এ সকল ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নিজস্ব ইতিহাস, ভাষা, সাহিত্য, সংগীত, নৃত্য, ধর্ম, কৃষ্টি, উৎসব, রীতিনীতি, বৈচিত্র্যময় জীবনধারা রয়েছে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মধ্যে সাঁওতাল, গারো, হাজং, কোচ, ডালু, বানাই, বর্মন, খাসিয়া, মনিপুরি, বাগানী, ওরাও ও পাথার উল্লেখযোগ্য। সঠিক পৃষ্ঠপোষকতার অভাবে আদিবাসীদের ভাষা ও সংস্কৃতি প্রায় বিলুপ্তির পথে। ভাষা ও সংস্কৃতি বিলুপ্তির কারণে আদিবাসী জনগোষ্ঠির বিকাশ ও অস্তিত্ব ক্ষতিগ্রস্ত হচ্ছে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক উন্নয়ন ও সংরক্ষণের লক্ষ্যে ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলা, নওগাঁ জেলার পত্নীতলা উপজেলা এবং দিনাজপুর জেলায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি নির্মাণ করার জন্য আলোচ্য প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প গ্রহণ করা হয়। হালুয়াঘাট, দিনাজপুর এবং নওগাঁতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নিজস্ব জমি রয়েছে। তাদের জন্য ভৌত অবকাঠামো নির্মাণ করা হলে তারা তাদের সাংস্কৃতিক এতিহ্য লালন-পালনসহ বিভিন্ন ধরণের প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ পাবে। তারা এ অঞ্চলের উপজাতীয় সংস্কৃতির মান উন্নয়নের পাশাপাশি জাতীয় সংস্কৃতিতে অংশগ্রহণে সমর্থ হবে। এছাড়া, এটি এ অঞ্চলের বৃহৎ জনগোষ্ঠির সাথে সংখ্যালঘু নৃ-গোষ্ঠীর মধ্যে সামাজিক ঐক্য তৈরী করবে যা উন্নয়নের চাবিকাঠি।

১১. প্রকল্পের মূল কার্যক্রম:

- ০৩ তলা বিশিষ্ট একাডেমি ভবন ও ৩৫০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম নির্মাণ,
- অডিটোরিয়ামের কাঠের স্টেজ নির্মাণ;
- উম্মুক্ত মঞ্চ নির্মাণ;
- সাব স্টেশন ও জেনারেটর ভবন নির্মাণ;
- সাব স্টেশন ও জেনারেটর যন্ত্রপাতি স্থাপন;
- সোলার প্যানেল স্থাপন;
- স্যুভিনির কক্ষ ও গার্ড রুম নির্মাণ;
- সীমান প্রাচীর ও সংযোগ সড়ক নির্মাণ;
- সাইট উন্নয়ন ইত্যাদি।

খ. প্রকল্পের বাস্তবায়ন সংক্রান্ত তথ্য:

১২. প্রকল্পের অংগওয়ারি বাস্তব ও আর্থিক বাস্তবায়ন নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

ক্রমিক	অঙ্গের নাম	সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত অর্জন	
		বাস্তব	আর্থিক	*বাস্তব	আর্থিক
	রাজস্ব অংগ				
০১.	অতিরিক্ত কাজের ভাতা	০৪ জন	২.০০		০.৮৫
০২.	যানবাহনের জ্বালানি	থোক	৫.০০		৫.০০
০৩.	স্টেশনারি, সীল ও স্ট্যাম্পস্	থোক	২.০০		১.৫৯৩
০৪.	বিজ্ঞপ্তি	থোক	৪.০০		২.০৬৭
০৫.	আপ্যায়ন	থোক	১.৫০		১.৫০
০৬.	কনজিউমেবলস্	থোক	১.০০		০.৫০
০৭.	কনসালটেন্সি (ডিজাইন, ড্রইং এন্ড সুপারভিশন)	থোক	১৫.০০		৮.৩৫
০৮.	অনুষ্ঠান (ফলক উন্মোচন ও উদ্বোধনী	থোক	১.৫০		১.৫০

ক্রমিক	অঙ্গের নাম	সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত অর্জন	
		বাস্তব	আর্থিক	*বাস্তব	আর্থিক
	অনুষ্ঠান)				
০৯.	গাড়ি ভাড়া	থোক	২০.০০		২০.০০
১০.	সম্মানি	থোক	২.০০		২.৭২
১১.	অন্যান্য ব্যয়	থোক	২.০০		২.০০
	মোট (রাজস্ব)		**৫৬.০০**		**৪৬.০৮**
	মূলধন অংগ				
১২.	আসবাবপত্র ক্রয়	৩*৪৩২ সেট	৬৫.৬৪		৬৫.৬৪
১৩.	স্টেজ লাইট	৩সেট	৮৪.০০		৮৪.০০
১৪.	স্টেজ যন্ত্রপাতি	৩সেট	২১.০০		২১.০০
১৫.	সাউন্ড সিস্টেম	৩সেট	৭৫.০০		৭৫.০০
১৬.	সাব স্টেশন	৩টি (১০০/১৫০কেভিএ)	৮৪.০০		৮৪.০০
১৭.	জেনারেটর	৩টি (৪০কেভিএ)	৯৪.০০		৯৪.০০
১৮.	সোলার প্যানেল	৩টি	১৫.০০		১৫.০০
১৯.	অগ্নি নির্বাপণ যন্ত্রপাতি	৩ সেট	৩.০০		৩.০০
২০.	সাবমারসিবল পাম্প	৩ সেট	১৮.০০		১৮.০০
২১.	লাইটিং কন্ডাক্টর	৩ সেট	৬.০০		৬.০০
২২.	সিকিউরিটি লাইট	৩ সেট	১৫.০০		১৫.০০
২৩.	এইচটি মিটার/পিডিবি চার্জ	৩ সেট	৯.০০		৯.০০
২৪.	ক্ষুদ্র নৃ-গোষ্ঠির মিউজিক্যাল যন্ত্রপাতি	৩ সেট	৩০.০০		৩০.০০
২৫.	জমি অধিগ্রহণ	.৫০ একর	৬.০০		৫.৯৯৬
২৬.	নির্মাণ কাজ	৬৯৩৪,৯০ বর্গ মিটার	১৯২৫.৯৬		১৯২৫.৯৬
২৭.	কাঠের মঞ্চ ও এ্যকুস্টিক কাজ	থোক	২৫৭.২৮		২৫৭.২৮
২৮.	রাস্তা নির্মাণ	৯৭৩.১০ বর্গ মিটার	২৪.২৮		২৪.২৮
২৯.	সীমানা প্রাচীর	৭৯৯.৫৯ রানিং মিটার	১৩৬.৫৭		১৩৬.৫৭
৩০.	ভূমি উন্নয়ন	২১২৪৬ ঘন মিটার	৪২.৮১		৪২.৮১
৩১.	মুক্ত মঞ্চ	৯১১ বর্গ মিটার	১৬৯.২২		১৬৯.২২
৩২.	আরবরিকালচার	০৩টি	৩.০০		৩.০০
৩৩.	টিউবওয়েল	০১টি	৭.০০		৭.০০
	মোট (মূলধন)		৩০৯১.৭৬		৩০৯০.৯১৬
	সর্বমোট (রাজস্ব+মূলধন)		**৩১৪৭.৭৬**		**৩১৩৬.৯৯৬**

*পিসিআর এর ৫ নং অনুচ্ছেদে অংগওয়ারি প্রকৃত বাস্তব অর্জন সংক্রান্ত তথ্য প্রদর্শন করা হয়নি।

বি:দ্র: প্রকল্পটি ১৫/৩/২০১৭ তারিখে সংশোধন করা হয়। সংশোধিত প্রকল্পে ব্যয় বৃদ্ধি পায়। মূলত: মূলধন অংগে প্রকৃতপক্ষে যে অর্থ ব্যয় হবে সেটি বিবেচনায় নিয়ে সংশোধিত ব্যয় প্রাক্কলন করা হয়। এ কারণে বেশ কিছু সংখ্যক অংগের প্রাক্কলিত ব্যয় এবং প্রকৃত ব্যয় একই রকম হয়েছে।

সূত্র: পিসিআর

১৩. অর্থ বছর ভিত্তিক সংশোধিত ডিপিপিতে আর্থিক সংস্থান, সংশোধিত এডিপিতে অর্থ বরাদ্দ, অর্থ ছাড় ও প্রকৃত ব্যয়:

প্রকল্পের অনুকূলে ২০১৩-১৪ থেকে ২০১৭-১৮ অর্থ বছর পর্যন্ত মোট ৩১৬৩.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। তন্মধ্যে ব্যয় হয়েছে ৩১৩৬.৯৯৬ লক্ষ টাকা যা প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের ৯৯.৬৮%।

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত ডিপিপিতে সংস্থান	সংশোধিত এডিপি বরাদ্দ	অর্থ ছাড়	প্রকৃত ব্যয়
২০১৩-১৪	১০.০০	১০.০০	১০.০০	১০.০০
২০১৪-১৫	৩৬৩.০০	৩৬৩.০০	৩৬৩.০০	৩৬৩.০০
২০১৫-১৬	৯৯০.০০	১০০০.০০	১০০০.০০	৯৯০.০০
২০১৬-১৭	১০২০.০০	১০২০.০০	১০২০.০০	১০০৫.০০
২০১৭-১৮	৭৬৪.০০	৭৭০.০০	৭৭০.০০	৭৬৮.৯৯৬
সর্বমোট	৩১৪৭.০০	৩১৬৩.০০	৩১৬৩.০০	৩১৩৬.৯৯৬

তথ্যসূত্র: পিসিআর

১৪. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

প্রকল্প পরিচালকের নাম	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ
জনাব লিয়াকত আলী লাকী	মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, সেগুনবাগিচা, ঢাকা	২০.৮.২০১৫ - ২৮.৯.২০১৬	অতিরিক্ত দায়িত্ব
জনাব মোহাম্মদ নাসিরউদ্দিন	উপ সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	২৮.৯.২০১৬- ২৭.০২.২০১৯	নিয়মিত
জনাব কাজী আসাদুজ্জামান	উপ সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	২৭.০২.২০১৯-১৭.৬.২০১৯	অতিরিক্ত দায়িত্ব
জনাব মো: আফজাল হোসেন	উপ সচিব(চলতি দায়িত্ব) বাংলাদেশ শিল্পকলা একাডেমী, সেগুনবাগিচা, ঢাকা	১৭.৬.২০১৯-৩০.৬.২০১৯	অতিরিক্ত দায়িত্ব

তথ্যসূত্র: পিসিআর

খ. প্রকল্পের আওতায় বাস্তবায়িত কাজ পরিদর্শন সংক্রান্ত তথ্য:

১৫. প্রকল্পের কাজ সরেজমিনে পরিদর্শন:

প্রকল্পের আওতায় বাস্তবায়িত কাজ সরেজমিনে পরিদর্শনের জন্য আইএমইডি কর্তৃক ১৮ জানুয়ারি ২০২১ তারিখ নওগাঁ সাইট সরেজমিনে পরিদর্শন করা হয়। ডিপোজিট ওয়ার্ক হিসেবে সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগ কর্তৃক দরপত্র আহবান হতে শুরু করে কন্ট্রাক্ট ইমপ্লিমেন্টেশন, মনিটরিং ও সুপারভিশনের কাজ করা হয়েছে। প্রকল্প পরিদর্শনের সময় সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী, উপ বিভাগীয় প্রকৌশলী, সহকারী প্রকৌশলী এবং জেলা শিল্পকলা একাডেমির প্রতিনিধি উপস্থিত ছিলেন। পরিদর্শনের পর্যবেক্ষণসমূহ নিম্নরূপ:

১৫.১ নওগাঁ জেলার পত্নীতলা উপজেলায় মোট জনসংখ্যার এক দশমাংসের বেশী ১১টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বসবাস রয়েছে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মধ্যে সাঁওতাল, ওরাও, কোঁচ এবং মুন্ডা সংখ্যাগরিষ্ঠ। প্রকল্পের আওতায় নওগাঁয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জনগোষ্ঠির জন্য ০৩ তলা বিশিষ্ট কালচারাল একাডেমি ভবন ও ৩৫০ আসন বিশিষ্ট অডিটোয়িাম নির্মাণ করা হয়েছে। এছাড়া, অডিটোরিয়ামের কাঠের স্টেজ, একাডেমি চত্বরে উন্মুক্ত মঞ্চ, স্যুভিনির শপ, গার্ড রুম, জেনারেটর ভবন, সীমানা প্রাচীর ও সংযোগ সড়ক নির্মাণ করা হয়েছে। অডিটোরিয়াম ভবনের এ্যকুস্টিক, সাউন্ড সিস্টেম ও আলোক ব্যবস্থা ভালো অবস্থায় রয়েছে। মার্চ ২০২০ এ একাডেমি হস্তান্তর করা হয়েছে। ফার্ণিচার বুঝে নেয়া হয়নি। পরিদর্শনকালে লক্ষ্য করা যায় যে, অধিকাংশ ফার্ণিচার ঘুনে আক্রান্ত হয়েছে যা ব্যবহারের অনুপযোগী। স্যুভিনির শপ চালু হয়নি। জেনারেটর ও সোলার প্যানেল চালু নেই। ছাদে পানি জমে ভবন ক্ষতিগ্রস্ত হচ্ছে। একাডেমিতে জনবল নিয়োগ না দেওয়ায় একাডেমি চালু হয়নি। ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখ জেলা শিল্পকলা একাডেমির কালচারাল অফিসার জনাব আসাদদুজ্জামান সরকার একাডেমির সর্বশেষ অবস্থা সম্পর্কে টেলিফোন মারফত অবহিত করেন। তিনি জানান যে, একাডেমির জন্য প্রশিক্ষক ও বিভিন্ন পদের মোট ১৯ জন জনবলের প্রস্তাব পাঠানো হয়েছে, অদ্যাবধি কোন জনবল পাওয়া যায়নি। স্থানীয়ভাবে একজন নৈশ প্রহরী ও একজন ঝাড়ুদার রাখা হয়েছে। একাডেমির নিজস্ব কোন বাজেট

নেই। জেলা শিল্পকলা একাডেমির থোক বরাদ্দ থেকে এবং স্থানীয়ভাবে কিছু ব্যয় নির্বাহ করা হয়। কালচারাল কর্মকর্তা আরও অবহিত করেন যে যে, প্রকল্প বাস্তবায়নের সময় আনুমানিক ২,১৮০০/- (দুই লক্ষ আঠারো হাজার টাকা) এবং এবং একাডেমি হস্তান্তরের পর হতে অদ্যাবধি ১,১৭,০০০/-(এক লক্ষ সতের হাজার টাকা) বিদ্যুত বিল বকেয়া রয়েছে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রশিক্ষণ ও সংস্কৃতি চর্চার অনুশীলনের জন্য কোর্স কারিকুলাম, মডিউল প্রস্তুত করা হয়নি। কোন কোন মাসে অনধিক একটি অনুষ্ঠান করা হয়েছে। একাডেমির কার্যত: কোন ব্যবহার নেই।

১৫.২ দিনাজপুর জেলায় ১২টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বসবাস রয়েছে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মধ্যে সাঁওতাল, ওরাও, কোঁচ এবং মুন্ডা সংখ্যাগরিষ্ঠ। ২৯ সেপ্টেম্বর ২০২১ তারিখ জেলা শিল্পকলা একাডেমির কালচারাল অফিসার মিজ মিরা আরা পারভীন টেলিফোন মারফত অবহিত করেন যে, প্রকল্পের আওতায় নওগাঁয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জনগোষ্ঠির জন্য ০৩ তলা বিশিষ্ট কালচারাল একাডেমি ভবন ও ৩৫০ আসন বিশিষ্ট অডিটোয়িাম নির্মাণ করা হয়েছে। এছাড়া, অডিটোরিয়ামের কাঠের স্টেজ, একাডেমি চত্বরে উম্মুক্ত মঞ্চ, স্যুভিনির শপ, গার্ড রুম, জেনারেটর ভবন, সীমানা প্রাচীর ও সংযোগ সড়ক নির্মাণ করা হয়েছে। অডিটোরিয়াম ভবনের এ্যকুস্টিক, সাউন্ড সিস্টেম ও আলোক ব্যবস্থা ভালো অবস্থায় রয়েছে। একাডেমি হস্তান্তর করা হয়েছে। জেনারেটর ও সোলার প্যানেল চালু নেই। বর্তমানে বিদ্যুত সংযোগ বিচ্ছিন্ন। আনুমানিক ৪,০০,০০০/-(চার লক্ষ টাকা) বিদ্যুছ বিল বকেয়া রয়েছে। একাডেমির জন্য ১৯জন জনবলের প্রয়োজন কিন্তু অদ্যাবধি কোন জনবল পাওয়া যায়নি। স্থানীয়ভাবে একজন নৈশ প্রহরী রাখা হয়েছে। একাডেমির নিজস্ব কোন বাজেট নেই। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রশিক্ষণ ও সংস্কৃতি চর্চার অনুশীলনের জন্য কোর্স কারিকুলাম, মডিউল প্রস্তুত করা হয়নি। কোন কোন মাসে অনধিক একটি অনুষ্ঠান করা হয়েছে। একাডেমির কার্যত: কোন ব্যবহার নেই।

১৫.৩ ময়মনসিংহ জেলায় ১২টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বসবাস রয়েছে। অধিকাংশ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী হালুয়াঘাট উপজেলায় বাস করে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মধ্যে গারো ও হাজং সংখ্যাগরিষ্ঠ। ২৯ সেপ্টেম্বর ২০২১ তারিখ প্রকল্প বাস্তবায়ন চলাকালীন সময়ে কর্মরত ময়মনসিংহ জেলা শিল্পকলা একাডেমির কালচারাল অফিসার জনাব মো: আরজু পারভেজ(ফেব্রুয়ারি ২০২১ পর্যন্ত ময়মনসিংহে কর্মরত ছিলেন) এবং বর্তমানে কর্মরত কালচারাল কর্মকর্তা জনাব মো: হামিদুর রহমান এর সাথে টেলিফোনে প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কে অবহিত হওয়া যায়। তাদেঁর নিকট হতে জানা যায় যে, প্রকল্পের আওতায় ০৩ তলা বিশিষ্ট কালচারাল একাডেমি ভবন, ৩৫০ আসন বিশিষ্ট অডিটোয়িাম নির্মাণ করা হয়েছে। অডিটোরিয়াম ভবনের এ্যকুস্টিক, সাউন্ড সিস্টেম ও আলোক ব্যবস্থা স্থাপন করা হয়েছে। এছাড়া, অডিটোরিয়ামের কাঠের স্টেজ নির্মাণ, উম্মুক্ত মঞ্চ নির্মাণ, স্যুভিনিয়র শপ ও গার্ড রুম, জেনারেটর ভবন, সীমানা প্রাচীর ও সংযোগ সড়ক নির্মাণ করা হয়েছে। ফেব্রয়ারি ২০২১ পর্যন্ত পিডিবি বুঝে দেয়নি। জনবল নিয়োগ দেয়া হয়নি। অডিটোরিয়ামের বিদ্যুত সংযোগ প্রদান করা হয়নি। একাডেমি ভবনের বিদ্যুৎ সংযোগের আনুমানিক ২,০০,০০০/- টাকা (দুই লক্ষ টাকা) বিদ্যুত বিল বকেয়া রয়েছে। একাডেমিতে কোন জনবল নিয়োগ দেওয়া হয়নি।স্থানীয়ভাবে একজন নৈশ প্রহরী ও একজন ঝাড়ুদার রাখা হয়েছে। একাডেমির নিজস্ব কোন বাজেট নেই। জেলা শিল্পকলা একাডেমির থোক বরাদ্দ থেকে এবং স্থানীয়ভাবে কিছু ব্যয় নির্বাহ করা হয়। কোন কোন মাসে অনধিক একটি অনুষ্ঠান করা হয়েছে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রশিক্ষণ ও সংস্কৃতি চর্চার অনুশীলনের জন্য কোর্স কারিকুলাম, মডিউল প্রস্তুত করা হয়নি। একাডেমির কার্যত: কোন ব্যবহার নেই।

১৬. <u>প্রকল্পের উদ্দেশ্য ও প্রকৃত অর্জন:</u>

প্রকল্পের উদ্দেশ্য	প্রকৃত অর্জন
ক্ষুদ্র নৃ-গোষ্ঠির অধিকার সংরক্ষণ এবং বৃহত্তর সহযোগিতা প্রদান।	হালুয়াঘাট, দিনাজপুর এবং নওগাঁয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য সাংস্কৃতিক একাডেমি ভবন, অডিটোরিয়াম ও আনুষংগিক অবকাঠামো নির্মাণ করায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অধিকার সংরক্ষণ, তাদেরকে সহযোগিতা প্রদান এবং দেশীয় সংস্কৃতির সংরক্ষণ, উন্নয়ন ও প্রসারের সুযোগ সৃস্টি হয়েছে।
দেশীয় সংস্কৃতির সংরক্ষণ, উন্নয়ন ও প্রসার ঘটানো।	
প্রশিক্ষণ, সেমিনার, আলোচনা সভার পাশাপাশি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতি চর্চার অনুশীলন, প্রদর্শনের জন্য হালুয়াঘাট, দিনাজপুর এবং নওগাঁর প্রতিটি সাইটে ০৩ তলা বিশিষ্ট একাডেমি ভবন ও ৩৫০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম নির্মাণ ওও আনুষংগিক অবকাঠামো নির্মাণ।	

১৭. আইএমইডি এর সার্বিক পর্যবেক্ষণ:

১৭.১ প্রকল্পের নওগাঁ সাইট সরেজমিনে পরিদর্শন এবং হালুয়াঘাট ও দিনাজপুর সাইট বিষয়ে সংশ্লিষ্ট জেলা শিল্পকলা একাডেমির কালচারাল কর্মকর্তাদের সাথে আলোচনা এবং পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, বর্ণিত তিনটি সাইটে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি নির্মাণ করা হয়েছে। এর ফলে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতি চর্চার অনুশীলন ও প্রদর্শনসহ সার্বিকভাবে দেশীয় সংস্কৃতির সংরক্ষণ, উন্নয়ন ও প্রসারের সুযোগ সৃষ্টি হয়েছে। তবে, একাডেমিসমূহে প্রশিক্ষক সহ প্রয়োজনীয় জনবল নিয়োগ না দেওয়ায় একাডেমিসমূহের কার্যক্রম অদ্যাবধি শুরু করা সম্ভব হয়নি।

১৭.৩ একাডেমিতে প্রশিক্ষণ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠির সংস্কৃতি চর্চার অনুশীলনের জন্য কোন কোর্স কারিকুলাম, মডিউল প্রস্তুত করা হয়নি।

১৭.৪ প্রকল্পের একবার সংশোধন এবং দুইবার বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। এর ফলে সংশোধিত প্রকল্প ব্যয় মূল প্রকল্প ব্যয় অপেক্ষা ৭৭৩.৮৫ লক্ষ টাকা বৃদ্ধি (৩২.৫৯% বৃদ্ধি) এবং বাস্তবায়ন মেয়াদ ০৩ বছর বৃদ্ধি (১৫০%) পায়। সংশোধিত প্রকল্প ব্যয়ের ৯৯.৬৫% অর্থ ব্যয় হয়েছে। উক্ত ব্যয় প্রকল্পের মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা ৩২.১৪% বেশী হয়েছে।

১৭.৫ তিনটি একাডেমির অবকাঠামোসমূহ ব্যবহার না করার ফলে এগুলো জরাজীর্ণ হওয়ার উপক্রম হয়েছে। জেনারেটর ও সোলার প্যানেল বর্তমানে অচল। ছাদে পানি জমে ভবন ক্ষতিগ্রস্ত হচ্ছে। বাজেট না থাকায় বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে।

১৭.৬ পিসিআর এর ০৮ নং অনুচ্ছেদে প্রকল্পের প্রকিওরমেন্ট তথ্য এবং ০৫ নং অনুচ্ছেদে প্রকল্পের অংগওয়ারি প্রকৃত বাস্তব সংক্রান্ত তথ্য প্রদান করা হয়নি।

১৭.৭ প্রকল্পের ২০১৩-১৪ হতে ২০১৫-১৬ অর্থ বছরের অডিট সম্পাদিত হয়েছে। কোন আপত্তি নেই মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। ২০১৬-১৭ হতে ২০১৭-১৮ অর্থ বছরের অডিট সম্পর্কে কোন তথ্য পিসিআর এ নেই। ২০১৩-১৪ অর্থবছর হতে ২০১৫-১৬ অর্থবছর পর্যন্ত অডিটের প্রমাণক এবং ২০১৬-১৭ হতে ২০১৭-১৮ অর্থ বছরের অডিটের তথ্য আইএমইডিতে প্রেরণের অনুরোধ জানিয়ে আইএমইডি-এর ২৮ অক্টোবর ২০২১ তারিখের নং-২১.০০.০০০০.৪৮৬.১৪.০৩৫.১৭-৩২০ পত্রে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে। কিন্তু অদ্যাবধি এ বিষয়ে আইএমইডিতে তথ্য প্রেরণ করা হয়নি।

১৮.০ আইএমইডি এর সুপারিশ/মতামত:

১৮.১ আলোচ্য প্রকল্পের আওতায় হালুয়াঘাট, দিনাজপুর এবং নওগাঁ জেলায় নির্মিত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি অবকাঠামো ও সুবিধাদির বর্তমান অবস্থা পরীক্ষা/যাচাই করে ত্রুটি-বিচ্যুতির মেরামত/রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ ১৫.১-১৫.৩, ১৭.৫);

১৮.২ হালুয়াঘাট, দিনাজপুর ও নওগাঁয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমির কার্যক্রম শুরুর লক্ষ্যে সত্বর প্রয়োজনীয় জনবল নিয়োগ প্রদান করতে হবে (অনুচ্ছেদ ১৫.১-১৫.৩,১৭.২);

১৮.৩ একাডেমিগুলোতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠির প্রশিক্ষণ ও সংস্কৃতি চর্চার অনুশীলনের জন্য কোর্স কারিকুলাম, মডিউল প্রস্তুত করতে হবে (অনুচ্ছেদ ১৭.৬);

১৮.৪ একাডেমিগুলোতে বিদ্যুৎ বিল বকেয়া থাকা/বিদ্যুৎ সংযোগ না দেওয়ার বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে সুরাহার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ ১৫.১-১৫.৩, ১৭.৫);

১৮.৫ পিসিআর ০৮ নং অনুচ্ছেদে প্রকল্পের প্রকিওরমেন্ট তথ্য এবং ০৫ নং অনুচ্ছেদে প্রকল্পের অংগওয়ারি প্রকৃত বাস্তব সংক্রান্ত তথ্য সন্নিবেশিত করতে হবে (অনুচ্ছেদ ১৭.৬);

১৮.৬ প্রকল্পের ২০১৩-১৪ অর্থবছর হতে ২০১৫-১৬ অর্থবছর পর্যন্ত অডিটের প্রমাণক এবং ২০১৬-১৭ হতে ২০১৭-১৮ অর্থ বছরের সিভিল অডিটের তথ্য/ফলাফল আইএমইডিতে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ ১৭.৭);

১৯। প্রতিবেদনে বর্ণিত সুপারিশ/মতামতের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডি কে লিখিতভাবে অবহিত করতে হবে।